



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
অসচ্ছল বীর মুক্তিযোদ্ধাদের জন্য আবাসন নির্মাণ প্রকল্প
মাহবুব প্লাজা (৮ম তলা), ২১/এ তোপখানা রোড, ঢাকা-১০০০।



স্মারক নং- মুবিম/পিডি/অ.বী.মু.আ.নি.প্র/ম-০২/২০২২/১২৩

তারিখঃ ১৫/০৯/২০২২ খ্রি:

বিষয়ঃ মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রকল্পের শুরুর উদ্বোধনের জন্য ৩০ নভেম্বর ২০২২ তারিখের মধ্যে বীর নিবাসের নির্মাণ কাজ সমাপ্তকরণ প্রসঙ্গে।

‘অসচ্ছল বীর মুক্তিযোদ্ধাদের জন্য আবাসন নির্মাণ’ শীর্ষক প্রকল্পটি গত ১৬/০৩/২০২১ তারিখে একনেক সভায় অনুমোদন লাভ করে। মুজিববর্ষ ও স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষ্যে ৩০,০০০ অসচ্ছল বীর মুক্তিযোদ্ধাদের জন্য বীর নিবাস নির্মাণের লক্ষ্যে এটি মাননীয় প্রধানমন্ত্রীর অগ্রাধিকারভুক্ত প্রকল্প। আগামী ১৬ ডিসেম্বর-২০২২ এর পূর্বে সুবিধাজনক যে কোন সময় মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রকল্পটি ভারুয়াল উদ্বোধনের আয়োজন করা হবে। উদ্বোধনের পূর্বেই ইতোমধ্যে যে সকল বীর নিবাসের ছাদ নির্মাণ সম্পন্ন হয়েছে সে সকল বীর নিবাসের ফিটিংসসহ রংয়ের কাজ সম্পন্ন করে বসবাস উপযোগী করা একান্ত প্রয়োজন। প্রকল্প বাস্তবায়ন কমিটির সভাপতি ও সদস্য সচিবসহ সংশ্লিষ্ট সকলকেই এ বিষয়ে কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে। **বিষয়টি জরুরী ও গুরুত্বপূর্ণ।**

এমতাবস্থায়, ইতোমধ্যে যে সকল বীর নিবাসের ছাদ ঢালাই হয়েছে, সে সকল বীর নিবাসের ফিটিংসসহ রংয়ের কাজ জরুরী ভিত্তিতে সম্পন্ন করে বসবাস উপযোগী ও উদ্বোধনের লক্ষ্যে প্রস্তুত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

১৫.০৯.২২

এম ইদ্রিস সিদ্দিকী

প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব)

অসচ্ছল বীর মুক্তিযোদ্ধাদের জন্য আবাসন নির্মাণ প্রকল্প
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়।

১। জেলা প্রশাসক (সকল)।

২। উপজেলা নির্বাহী অফিসার (সকল)।

৩। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা (সকল)।

স্মারক নং- মুবিম/পিডি/অ.বী.মু.আ.নি.প্র/ম-০২/২০২২/১২৩

তারিখঃ ১৫/০৯/২০২২ খ্রি:

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে

- ১) অতিরিক্ত সচিব (উন্নয়ন), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়।
- ২) মন্ত্রীর একান্ত সচিব (উপসচিব), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ৩) সচিবের একান্ত সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪) অফিস কপি।

এম ইদ্রিস সিদ্দিকী
প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব)